# দৈনিক পূর্বকোণ

স্বর-চ-৮৯ … বর্ষ ৯৫তম সংখ্যা।। চট্টগ্রাম বুধবার ৬ জ্যৈষ্ঠ ১৪১৬ বঙ্গাব্দ।। ২৪ জমাদিউল আউয়াল ১৪৩০ হিজরি।। Wednesday 20 May 2009।।


## ভাসা ফাউন্ডেশনের টিএসডি প্রকল্পের প্রশিক্ষণ উদ্বোধন

স্বেচ্ছাসেবী উন্নয়ন সংস্থা ভাসা ফাউন্ডেশনের অর্থায়নে ও পরিচালনায় গত ১৪ মে সীতাকুণ্ডের ভাটিয়ারী উত্তর ফকিরপাড়ায় টিএসডি প্রকল্পের আওতায় গার্মেন্টস, সেলাই, ব্লক, বাটিক ও এমব্রয়ডারি প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মসূচির উদ্বোধন করেন ভাসা ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক পরিমল কান্তি পাল। কর্মসূচির উদ্বোধনকালে তিনি বলেন, একজন প্রশিক্ষিত ও দক্ষ কর্মী পৃথিবীর যে কোন স্থানে উপার্জনে সক্ষম। তাই প্রশিক্ষণই হচ্ছে উপার্জনের মূল হাতিয়ার। দরিদ্র ও হতদরিদ্র জনগোষ্ঠীকে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি ও আত্মনির্ভরশীল করে গড়ে তোলাই টিএসডি প্রকল্পের মূল লক্ষ্য। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন রাজু চৌধুরী, সুপ্রিয়া দে,. মো. মানিক, মো. মাসুন, শাহীন আক্তার, বেবি আকতার, রহিমা বেগম, বিলকিস আক্তার, রোকসানা, তানিয়া, লিজা, মনি প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠান শেষে প্রশিক্ষণার্থীদের মাঝে প্রয়োজনীয় যন্ত্রপাতি ও উপকরণ বিতরণ করা হয়। কর্মসূচির আওতায় চট্টগ্রাম জেলা ও মহানগরীর ৯,৬০০ দরিদ্র ও হতদরিদ্র বেকার ও উপার্জনে ইচ্ছুক নারীকে প্রশিক্ষণ দেয়ার লক্ষ্যমাত্রা নিয়ে টিএসডি প্রকল্প পরিচালিত হচ্ছে।-খবর বিজ্ঞপ্তির



উত্তর ফকিরপাড়ায় ভাসা ফাউন্ডেশনের প্রশিক্ষণ কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে কর্মকর্তাবৃন্দ